“আয় আল্লাহ্! আখিরাতের জীবনই সত্যিকারের জীবন। কাজেই আপনি আনসার আর মুহাজিরদের কল্যাণ করুন”।

আনাস ইবনু মালিক রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি
ওয়াসাল্লাম বলেছেন: “আয় আল্লাহ্! আখিরাতের জীবনই সত্যিকারের জীবন। কাজেই আপনি আনসার
আর মুহাজিরদের কল্যাণ করুন”। [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন যে, পরকালে আল্লাহর সন্তুষ্টি, রহমত এবং জান্নাতে বসবাস ছাড়া আর কোন প্রকৃত জীবন নেই। কারণ পার্থিব জীবন ক্ষণস্থায়ী, আর পরকালের জীবন চিরস্থায়ী। তারপর তিনি নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম ও মুহাজিরদের আশ্রয়দানকারী, সাহায্যকারী এবং নিজেদের সম্পদ তাদের সাথে বন্টন করে গ্রহণকারী আনসারদের জন্য ক্ষমা, সম্মান এবং পরিশুদ্ধতার দোয়া করেন এবং সেই মুহাজিরদের জন্যও যারা আল্লাহর অনুগ্রহ ও সন্তুষ্টির জন্য তাদের ঘরবাড়ি এবং সম্পদ ত্যাগ করেছেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3773